



৫০১১৯

বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ব্যাংক রেজল্যুশন ডিপার্টমেন্ট (বিআরডি)

বিআরডি সার্কুলার লেটার নং-০২

তারিখ: ১৬ ভাদ্র, ১৪৩৩
৩১ আগস্ট, ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ব্যাংক রেজল্যুশন স্কীম, ২০২৫ এর অধীনে অ-প্রাতিষ্ঠানিক আমানতের অর্থ উত্তোলনের সুবিধা প্রদান।

উপর্যুক্ত বিষয়ে ০৯ আগস্ট, ২০২৬ তারিখের বিআরডি সার্কুলার লেটার নং-০১ এর মাধ্যমে জারিকৃত 'ব্যাংক রেজল্যুশন স্কীম, ২০২৫ (০৯ আগস্ট, ২০২৬ পর্যন্ত সংশোধিত)' এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এক্ষণে উক্ত স্কীমের ২.১ ও ২.১(খ) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে নিম্নরূপ নির্দেশনা জারি করা হল:


২.১। 'ব্যাংক রেজল্যুশন স্কীম, ২০২৫ (০৯ আগস্ট, ২০২৬ পর্যন্ত সংশোধিত)' এর অনুচ্ছেদ ১১(৫) এর উপ-অনুচ্ছেদ (৫)(ক) হতে (৫)(ঙ) এ বর্ণিত বিধানাবলি সত্ত্বেও, কোন অ-প্রাতিষ্ঠানিক আমানতকারী তার চলতি ও সঞ্চয়ী হিসাবের স্থিতি, মেয়াদী হিসাবের শুধু আসল অর্থ (অর্থাৎ, মুনাফা বাদে, যে অর্থ গ্রাহক তার নিজস্ব তহবিল হতে হস্তান্তরকারী ব্যাংকে আমানত হিসেবে রেখেছেন) উত্তোলন করতে চাইলে, হস্তান্তরহীন ব্যাংক উক্ত আমানতকারীকে তা পরিশোধ করবে।

২.২। আমানতকারী ২.১ নং ক্রমিকে বর্ণিত উত্তোলন সুবিধা গ্রহণ করতে চাইলে তা সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি. এর পক্ষ হতে উক্ত আমানতকারীর পূর্ণ ও চূড়ান্ত নিষ্পত্তি (full and final settlement) বলে গণ্য হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট হিসাবের বিপরীতে আমানতকারীর অন্য কোন দাবি গ্রহণযোগ্য হবে না।

২.৩। আমানতকারীকে ২.১ নং ক্রমিকে বর্ণিত উত্তোলন সুবিধা প্রদানের পূর্বে 'ব্যাংক রেজল্যুশন স্কীম, ২০২৫ (০৯ আগস্ট, ২০২৬ পর্যন্ত সংশোধিত)' এর ১১(১) ধারায় উল্লেখিত হস্তান্তরকারী ব্যাংকসমূহের যে কোনটিতে আমানতকারীর দায় (যদি থাকে) এর মোট পরিমাণ তার আমানত হতে সমন্বয় (net off) করার নির্দেশনাটি আবশ্যিকভাবে প্রযোজ্য হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মাহমুদুন নবী)
পরিচালক(বিআরডি)

ফোন: +৮৮-০২-২২২২৫১১০১